

## গ্রামোক্সোন

### “গ্রামোক্সোনঃ বিভিন্ন জাতের বিভিন্ন বয়সের আগাছা দমনে দ্রুত কার্যকরী”

- মূল উপাদান : প্যারাকোয়াট (প্রতি লিটার গ্রামোক্সোন -এ ২৭৬ এমএল প্যারাকোয়াট আছে)
- ফরমুলেশন : সলুবল কনসেন্ট্রেট (এসএল)
- প্যাক সাইজ : ১ লিটার ও ২০ লিটার
- বাহ্যিক অবস্থা : তরল
- রং : ধূসর
- কার্যক্ষমতা : অনির্দিষ্টভাবে কার্যকরী (নন সিলেক্টিভ) ও স্পর্শক গুনসম্পন্ন
- পন্যের উৎস (দেশ) : থাইল্যান্ড

#### □ যে ভাবে কাজ করে

- ✧ গ্রামোক্সোন শক্তিশালী স্পর্শক গুনসম্পন্ন আগাছানাশক।
- ✧ সূর্যের আলো ও অক্সিজেনের উপস্থিতিতে গ্রামোক্সোন গাছের ক্লোরোফিলের ক্লোরোপ্লাস্টের উপর কার্যকরী।
- ✧ সালোকসংশ্লেষন প্রক্রিয়ায় মুক্ত আয়নের সংগে গ্রামোক্সোনের বিক্রিয়ায় অক্সিজেনের উপস্থিতিতে সুপারঅক্সাইড তৈরী হয়।
- ✧ রাসায়নিকভাবে সুপারঅক্সাইড বিষাক্ত যা গাছের কোষের পাতলা আবরণকে ভেঙ্গে দেয় এবং কোষের পানি বের হয়ে যায়। ফলে ২ ঘন্টার মধ্যে কোষ শুকিয়ে নেতিয়ে পড়ে বাদামী রং ধারণ করে পুড়ে যায়।

#### □ উপকারিতা

- ✧ গ্রামোক্সোন এক বর্ষজীবী আগাছা দমন করে এবং বহুবর্ষজীবী আগাছা পুড়ে ফেলে।
- ✧ যে কোন আবহাওয়ায় এটি দ্রুত কার্যকরী। গ্রামোক্সোন প্রয়োগের ১ ঘন্টার মধ্যে আগাছা নেতিয়ে পড়ে এবং ২-৩ দিনের মধ্যে সম্পূর্ণ আগাছা মরে যায়।
- ✧ দ্রুত কার্যকরী হওয়ায় গ্রামোক্সোন প্রয়োগের আধ ঘন্টার পরে বৃষ্টি হলে কার্যক্ষমতার কোন ক্ষতি হয় না।
- ✧ আগাছার মাটির উপরের অংশে ধংস করে এবং মূল বৃদ্ধিতে বাধা দেয় না ফলে পাহাড় অঞ্চলের মাটি ক্ষয় রোধ করে।
- ✧ গ্রামোক্সোন মাটির সংস্পর্শে আসলে কোন কার্যকারিতা থাকে না ফলে অংকুরোদগমনশীল গাছের কোন ক্ষতি হয় না।
- ✧ অর্থনৈতিকভাবে লাভবান গ্রামোক্সোন চা, রাবার, কলা, আম, লিচু ও পেয়ারা বাগানের আগাছা দমনে ব্যবহার করা যায়।
- ✧ শাকসজী ও ভুট্টা ক্ষেতে সারিতে এবং ধান ক্ষেতে চাষের আগেই খড় পোড়ানোর জন্য অনুমোদিতভাবে ব্যবহার করা।

#### □ ব্যবহারবিধি

- ✧ চা ও রাবার- ৩.৭ লিটার/হেক্টর (২.২৫ এমএল/লিটার পানি)
- ✧ কলা- ২.৫ লিটার/হেক্টর (৩ এমএল/লিটার পানি)
- ✧ ধান (চাষের আগেই)- ২.৫ লিটার/হেক্টর (৩ এমএল/লিটার পানি)